গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) ইউনিট

**বিষয়: সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে অনুষ্ঠিত ৪র্থ ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | : ড. হুমায়রা সুলতানা<br>অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) ও এপিএ টিম প্রধান।<br>পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ |
| সভার তারিখ | : ১৮.০৬.২০২৩ খ্রিঃ |
| সভার সময় | : সকাল ১১.০০ টা |
| স্থান | :ভার্চুয়াল প্লাটফর্ম (জুম এ্যাপ) |
| সভার উপস্থিতি | : সভায় উপস্থিত কর্মকর্তগণের তালিকা (পরিশিষ্ট-ক) সদয় দ্রষ্টব্য। |

সভাপতি ভার্চুয়াল প্লাটফর্ম (জুম এ্যাপ) এ সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর তিনি আলোচনা শুরু করার জন্য পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ বিষয়ক বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সভার বিষয়বস্তু উপস্থাপনের অনুরোধ করেন।

২. সভাপতির অনুমতিক্রমে বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও প্রোগ্রামার জনাব আফরিন মোহাম্মদ আঁখি সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২৩ উপস্থাপন করেন। সভাপতি দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা, জবাবদিহিতা ও নাগরিকদের সেবা প্রদানে সন্তুষ্টি বিধানে সেবা প্রদান প্রতিশ্রুতির গুরুত্ব সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি উপস্থিত দপ্তর/সংস্থার প্রতিনিধিদের সরকারি সেবা প্রদানের ক্ষেত্রে মানবিক আচরণ ও সহমর্মীতা প্রদর্শনের জন্য পরামর্শ প্রদান করেন।

৩. পরিশেষে বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র. নং | আলোচনার বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা |
|---|---|---|---|
| ১. | ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন | ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করে এ বিভাগকে অবহিত করতে হবে এবং ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা |
| ২. | ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন | বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত পরিবীক্ষণ প্রতিবেদন আগামী ৫ জুলাই, ২০২৩ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা |
| ৩. | ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ | ওয়েবসাইটের বিন্যাসে সরকারি ওয়েব পোর্টাল সংক্রান্ত নির্দেশনা অনুসরণ করতে হবে। ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করে এবিভাগকে অবহিত করতে হবে। সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদের ক্ষেত্রে সেবা প্রাপ্তির পদ্ধতি, কর্মকর্তাদের নাম,পদবী, | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা |

| ক্র. নং | আলোচনার বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা |
|---|---|---|---|
| | | যোগাযোগের ঠিকানাসহ সকল বিষয় হালনাগাদ করতে হবে এবং প্রযোজ্য ক্ষেত্রে আবেদন পত্রের ওয়েবলিংক সংযোজন করতে হবে। | |
| ৪. | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে সভা আয়োজন | যে সকল দপ্তর/সংস্থা ২০২২-২৩ অর্থ বছরে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক স্টেকহোল্ডারগণের সমন্বয়ে সভা আহবান করেননি তাদের চলতি মাসের মধ্যে অংশীজনের অংশগ্রহণে সভা আহবান করতে হবে। যেসকল সংস্থার মাঠ পর্যায়ের কার্যালয় নেই; সেসকল সংস্থা কর্তৃক স্বস্ব সংস্থার সেবা গ্রহীতাদের সমন্বয়ে সভা আহবান করতে হবে। | প্রশাসন অধিশাখা, এবিভাগ।<br><br>পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা |
| ৫. | বিবিধ | সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা,২০২২-২৩ এর সকল সূচকের প্রমাণক আগামী ১৫ জুলাই, ২০২৩ তারিখের মধ্যে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ বরাবর প্রেরণ করতে হবে। | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা |

৪. অতঃপর, সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০/০৬/২০২৩

(ড. হুমায়রা সুলাতানা)
অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন)
ও এপিএ টিম প্রধান
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

স্মারক নং: ৪৭.০০.০০০০.০৪৩.১৬.০০১.২০.১৬২ তারিখ: ২০/০৬/২০২৩ খ্রি:

১। মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)।
২। নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর।
৩। মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া।
৪। মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), কুমিল্লা।
৫। মহাপরিচালক, বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)।
৬। ব্যবস্থাপনা পরিচালক, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)।
৭। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ)
৮। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্কভিটা)
৯। উপসচিব, বাজেট অধিশাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১০। উপসচিব (প্রশাসন-১)/ (প্রশাসন-২)/(উন্নয়ন)/ বাজেট/ প্রতিষ্ঠান-১/ প্রতিষ্ঠান-২/ এপিএ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১১। সচিবের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১২। ফোকাল পয়েন্ট কর্মকর্তা/বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সকল দপ্তর/সংস্থা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১৩। সিস্টেম এনালিস্ট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১৪। সহকারী প্রোগ্রামার, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১৫। অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

২০/০৬/২০২৩

(আফরিন মোহাম্মদ আঁখি)
প্রোগ্রামার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) ইউনিট

নম্বর ৪৭.০০.০০০০.০৪৩.১৬.০০১.২০.১৫৮

তারিখ: ১ আষাঢ় ১৪৩০
১৫ জুন ২০২৩

সভার নোটিশ

বিষয়: **সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ৪র্থ ত্রৈমাসিক সভা।**

আগামী ১৮ জুন, ২০২৩ তারিখ সকাল ১১:০০ টায় সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ৪র্থ ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন ড. হুমায়রা সুলতানা, অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

০২। উক্ত সভায় এবিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কমিটির সকল সদস্য এবং দপ্তর সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ফোকাল পয়েন্ট এবং বিকল্প ফোকাল পয়েন্ট সদস্যবৃন্দকে জুম এ্যাপের মাধ্যমে যুক্ত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**Zoom ID: 4413523066**

**Password: 112233**

১৫-৬-২০২৩
আফরিন মোহাম্মদ আঁখি
প্রোগ্রামার
ফ্যাক্স: +৮৮-০২-৯৫১৪২৭৭
ইমেইল:
programmer@rdcd.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কমিটির ফোকাল পয়েন্ট এবং বিকল্প ফোকাল পয়েন্ট সদস্যদের ভার্চুয়ালি সংযুক্ত থাকার অনুরোধসহ)
২) নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর (সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কমিটির ফোকাল পয়েন্ট এবং বিকল্প ফোকাল পয়েন্ট সদস্যদের ভার্চুয়ালি সংযুক্ত থাকার অনুরোধসহ)
৩) মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া
৪) মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি
৫) মহাপরিচালক , মহাপরিচালক এর দপ্তর, বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)
৬) ব্যবস্থাপনা পরিচালক , বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লি: (মিল্কভিটা)

৭) ব্যবস্থাপনা পরিচালক, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) (সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কমিটির ফোকাল পয়েন্ট এবং বিকল্প ফোকাল পয়েন্ট সদস্যদের ভার্চুয়ালি সংযুক্ত থাকার অনুরোধসহ)

৮) ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ) (সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কমিটির ফোকাল পয়েন্ট এবং বিকল্প ফোকাল পয়েন্ট সদস্যদের ভার্চুয়ালি সংযুক্ত থাকার অনুরোধসহ)

৯) উপসচিব, বাজেট অধিশাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

১০) উপসচিব (প্রশাসন অধিশাখা-২), প্রশাসন-২ শাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

১১) সচিবের একান্ত সচিব , সচিবের দপ্তর, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

১২) উপসচিব, প্রতিষ্ঠান-২ শাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

১৩) সিস্টেম এনালিস্ট , আইসিটি ইউনিট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

১৪) সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-১ শাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ ( ৮ জন সদস্যের আপ্যায়নের অনুরোধসহ)

১৫) সহকারী সচিব, পরিকল্পনা-৪ শাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

১৬) ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ [অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) মহোদয়ের সদয় অবগতির জন্য]

১৭) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন ও বাজেট অনুবিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ